শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায়২০১৭-১৮ অর্থ বছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের সার-সংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয়/ বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সখ্যা	কারিগরি প্রকল্পে সখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন – সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন - সর্বোচ্চ
১।	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়	০১ টি	০১ টি	০০ টি	০০ টি	০১ টি	০০ টি	১৫০%	০০ টি	১৩৮%

১। **সমাপ্ত প্রকল্পের সংখ্যাঃ** ০১ টি

২। **সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ**

প্রকল্পের নাম	ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তিশালীকরণ এবং ০৯টি জেলা কার্যালয় স্থাপন (১ম সংশোধিত)	(ক) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তর থাকা অবস্থায় ৫টি জোনাল ও ৪টি রিজিওনাল অফিস নির্মাণের জন্য ২৪কোটি ৮২লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্প টি গ্রহণ করা হয়। উক্ত প্রকল্পে ৪তলা ফাউন্ডেশনে ২তলা বিল্ডিং নির্মাণের সংস্থান রাখা হয়। পরবর্তীতে পরিদপ্তর থেকে অধিদপ্তরে উন্নীত করা হলে জনবল বৃদ্ধি পাওয়ায় প্রকল্পের scope বৃদ্ধি পায়। এছাড়া, গণপূর্ত বিভাগের ২০১১ সালের সিডিউল রেট অনুসারে মূল ডিপিপি প্রস্তুত করা হয়েছিল। পরবর্তীতে ২০১৪ সালের গণপূর্ত বিভাগের সিডিউল রেট পরিবর্তন হওয়ায় প্রকল্পের ব্যয় বৃদ্ধি পায় এবং প্রকল্প সংশোধন করা হয়। (খ) সংশোধন অনুযায়ী প্রকল্পের আওতায় ভূমি অধিগ্রহণের পরিমাণ , ভবন নির্মাণে নকশার পরিবর্তনসহ বিভিন্ন কার্যক্রম বৃদ্ধি পাওয়ায় সময় বৃদ্ধির প্রয়োজন হয়।

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ:

সমস্যা		সুপারিশ	
(১)		(২)	
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তিশালীকরণ এবং ০৯টি জেলা কার্যালয় স্থাপন (১ম সংশোধিত)			
১.	**বরিশাল অংশঃ** ১) ফ্লোর ও পার্কিং টাইলস নিম্নমাণের; ২) ভবনের পশ্চিম পাশের প্রাচীরের কোন কাজ করা হয়নি; ৩) অফিস ভবনের প্রবেশ পথের রাস্তার রেলিং অসামঞ্জস্যপূর্ণ; ৪) টেলিফোন ইন্টারনেট ও সিসি ক্যামারা সংযোগের , ;জন্য কনসিল্ড এর ব্যবস্থা না রাখা হয়নি ৫) বিদ্যুৎ সংযোগ ত্রুটি থাকায় কিছু লাইট ও ফ্যান চলে না; ৬) সোলার প্যানেল বসানো হলেও সংযোগ দেয়া হয়নি; ৭) জেনারেটর অন্য স্থানে বসানোর জন্য লাইসেন্সিং বোর্ডের পরামর্শ অনুযায়ী কাজ করা হয়নি; ৮) গার্ড রুমে এবং কনফারেন্স রুমে ফ্যান লাগানো হয়নি; ৯) কনফারেন্স রুম ও মহাপরিদর্শনেকর কক্ষে এসি লাগানো হয়নি।	১.	ভৌত কাজের ত্রুটি বিচ্যুতিগুলো গণপূর্ত অধিদপ্তরের মাধ্যমে সমাধানকল্পে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে;

সমস্যা		সুপারিশ	
(১)		(২)	
	১০) উত্তোলিত পানি পান করার অনুপযোগী; ১১) গেস্ট রুমের ফার্নিচার সরবরাহ করা হয়নি ১২) পিএবিএক্স সিস্টেম স্থাপন করা হয়নি; ১৩) ইন্টেরিয়র ডিজাইন অসম্পূর্ণ এবং রং করা হয়নি; ১৪) ইলেকট্রিসিটি পোল ঢালাই করা হয়নি ১৫) দেয়ালের বিভিন্ন স্থানে রং নষ্ট হয়ে গেছে এবং লোনা ধরেছে। **নারায়নগঞ্জ অংশঃ** উত্তোলিত পানিতে প্রচ (১)ুর আইরন থাকায় পানি পান করা যাচ্ছে না; গাড়ী রাখার গ্যারেজ দৈর্ঘ্যের পরিমাণ কম হওয়ায় (২) ;গাড়ী রাখা যায় না পাম্পের যে পাইপের ভিতর সাবমারসেবল পাইপ (৩) ঠুকানো হয়েছে সেই পাইপের মুখ খোলা। ফলে এলাকার মেয়রা পাইপের ভিতর নানা রকম ময়লা আবর্জনা-ছেলে ;ফেলে বাউন্ডার (৪)ী দেয়ালের উপর সিকিউরিটি গ্রীল না দেয়ায় নিরাপত্তা ঝুঁকির আশংকা এছাড়া কনফারেন্স রুমে ব্যবহারের জন্য ,Inventory কৃত মালামালের মধ্যে ডিজিটাল ডিসপ্লে এবং পিএবিএক্স ইন্টারকম সিস্টেম এবং ফায়ার এ্যাগজিস্টিংগুসার মালামালের মধ্যে ৮ +৩২ লাইন ডিজিটাল পিএবিএক্স সিস্টেম টি সরবরাহ করা হয়নি বলে জানা যায়।১-tes enohpeleT enil elgniS ৫টির স্থলে ৩টি , Corbon-Di Oxide Type Fire Extinguisher ২০টির স্থলে ৪টি সংবরাহ করা হয়েছে । **ময়মনসিংহ অংশ:** গভীর নলকূপের পানি আয়রন যুক্ত হওয়ায় পানি ব্যবহার করা যাচ্ছে না আপাততঃ টেস্ট ,টিউবওয়েল থেকে পানি সরবরাহ করা হচ্ছে। উল্লিখিত সমস্যা দ্রুত নিরসন করা প্রয়োজন। **রংপুর অংশ:** ;ইন্টারকম লাইন সংযোগ সচল করা হয়নি (১) গাড়ীর গ্যারেজ এর বৈদুতিক লাইন সংযোগ করা (২) ;হয়নি ;স্টেশন ত্রুটিপূর্ণ-বিদ্যুতের সাব (৩) ;সম্মেলন কক্ষের একটি এসি নষ্ট (৪) বাগ (৫)ারে মাটি ভরাট করা হয়নি; ;প্রক্ষালন কক্ষের কমোডগুলো নষ্ট (৬) ;ভবনের ছাদে এলইডি নষ্ট (৭) ;বিদ্যুতের মেইন লাইন নষ্ট (৮) ;ভবনের বিভিন্ন অংশের দেয়ালে ফাটল দেখা দিয়েছে (৯) এর মধ্যে একটিতে ফাটল দেখা-পানির দুইটি ট্যাংক (১০) দেওয়তায় পানি বের হয়ে যায়। **মৌলভিবাজার অংশ :** ;ভবনের দেয়ালে স্যাত স্যাতে ও ড্যাম্প নাই (১) মূল ফটক থেকে গ্যারেজ পর্যন্ত রাস্তাটি সরু করে (২)		

সমস্যা		সুপারিশ	
(১)		(২)	
	নির্মাণ করায় গাড়ী গ্যারেজে যাওয়ার জন্য টার্ণ করানো সমস্যা হয়। রাস্তার উত্তর পূর্ব কর্ণারে রাস্তা থেকে গ্যারেজের ভিতরে গাড়ী প্রবেশ করানো ও বের করা যায় না; গাড়ী পার্কিংয়ের নির্মিত ভবন (৩)/গ্যারেজ এর উচ্চতা- যথেষ্ট নয় এবং গ্যারেজের মেটাল সার্টার নাই। ফলে যে কেউ ঢিল ছুড়ে গাড়ীর গ্লাস এবং গাড়ীর ক্ষতি সাধন ;করতে পারে উপমহাপরিদর্শকসহ অন্যান্য কোন রুমের ভিতরের (৪) ডিজাইন(Interior design) করা হয়নি; অফি (৫)স ভবন ও সংলগ্ন অভ্যন্তরীণ পাকা রাস্তা এবং বাউন্ডারী দেয়ালের মধ্যে মাটি সমান করে ভরাট করা হয়নি। ফলে অসমতল এবং এবড়োথ্যাবড়ো অবস্থায় আছে। যা দেখতেও দৃষ্টিকুটু; ভবনের ছাদ এবড়োথ্যাবড়ো করে ঢালাই (৬) (Casting) করার কারণে সামান্য বৃষ্টি হলেও ছাদে পানি জমে; (৭)অফিসে স্থাপিত ফিটিংসগুলো অত্যন্ত নিম্নমানের হওয়ায় ইতোমধ্যে অনেকগুলো অকেজো হয়ে গেছে; ওয়াশরুমের লুকিং গ্লাসগুলো মরিচাযুক্ত ছিল। (৮) পরিবর্তন করার পরও উপমহাপরিদর্শকের বাথরুমের ওয়াল লুকিং গ্লাস পুনরায় মরিচা ধরেছে এবং অন্যান্য ;টি গ্লাসে মরিচা পড়েছে১০ মেইন (৯)গেইটের দুই পার্শ্বের কলামের ওপর স্থাপিত লাইটগুলোর সার্কিট পড়ে যাওয়ার কারণে প্রায়ই বন্ধ হয়ে যায়; উপমহাপরিদর্শকের রুমের দরজার পার্শ্বের (১০) দেয়ালের উভয় দিকেই ফাটল দেখা দিয়েছে। **কুমিল্লা অংশ:** নির্মিত অফিস ভবনের উত্তর পাশের দেয়ালে (১) ;স্যাঁতসেঁতে রয়েছে (২) ডিআইসি রুম ও কনফারেন্স রুমে অটোমেটিক ডোর ক্লোজার নেই; ;অধিকাংশ টিউবলাইট জ্বলে না (৩) ;পানির ট্যাপ দিয়ে পানি পড়ে না (৪) ;সৌর বিদ্যুৎ লাইনে কোন সংযোগ সচল নেই (৫) টি এসি কাজ করে না।১ কনফারেন্স রুমের (৬) **গাজিপুর অংশ :** অফিসের সামনের গেটের উপর দিয়ে লোকজন (১) আসা যাওয়া করে। এ গেটটির ডিজাইন পরিবর্তন করে নতুন করে স্থাপন করতে হবে; অফিস ভবনের চার দিকের বাউন্ডারী ওয়াল বিভিন্ন (২) স্থানে ফাটল ও ধ্বসে গেছে তা নতুন করে প্লাস্টার ও ;মেরামত করতে হবে গাড়ি রাখ্যর গ্যারেজটি দুই দিকে কোন ওয়াল বা (৩) গেটের ব্যবস্থা নেই। গেরেজটির দুই দিকে ওয়াল ও সামনের সাইটে কেচিগেট লাগিয়ে গাড়ি রক্ষণাবেক্ষণ		

সমস্যা		সুপারিশ	
(১)		(২)	
	করতে হবে; দ্বিতীয় তলায় সভাকক্ষের ওয়াশ রুমের পাইপ ব্লক (৪) হয়ে যাওয়ায় পানি ওভার ফ্লো হয়ে নীচের ওয়ালে পড়ে ;ওয়াল ড্যাম্প বা স্যাতসেতে হয়ে যাচ্ছে অফিস কক্ষের ওয়ালের বিভিন্ন জায়গায় ওয়াল (৫) ড্যাম্প বা স্যাতসেতে হয়ে প্লাস্টার ও রং খসে পড়ছে; অফিস কক্ষের কয়েক জায়গা দিয়ে জানালার গ্লাস (৬) ভেঙ্গে গেছে । ফলে বৃষ্টির পানি ভিতরে প্রবেশ করে। সানসেট লাগাতে , এছাড়া জানালার উপরে সানসেট নেই ;হবে নিচ তলায় একটি ওয়ালে দীর্ঘ ফাটল ধরেছে। (৭) অফিস ভবনের দ্বিতীয় (৮)তলায় কনফারেন্স রুমে ৪টি এসি লাগানো হয়েছে তন্মধ্যে ৩টি এসির বাহিরে অংশ যা ভবনের সামনের দিকে রয়েছে। ফলে দেখতে দৃষ্টিকুটু দেখাচ্ছে। অফিস ভবনের বাহির থেকে বাহ্যিক সৌন্দর্য্য অবলোকনের স্বার্থে এসি ৩টির ডিরেকশন পরিবর্তন করে ভবনের পিছন দিকে অর্থাৎ দক্ষিণ দিকে সেট করা প্রয়োজন। ঘোড়া মেশিন দ্বারা পানি উত্তোলন ৩ বৈদ্যুতিক মটর (৯) করা অসম্ভব হয়ে পড়েছে। বেশি পাওয়ারের মটর সেট করা প্রয়োজন। এর জন্য অভিজ্ঞ প্রকৌশলী কর্তৃক পরীক্ষা করিয়ে টেকসই দীর্ঘস্থায়ী পানির মটর স্থাপন করা প্রয়োজন। ভবনের ছাদে স্থাপিত সোলার প্যানেল থেক (১০)ে বিদ্যুতের কোন সংযোগ পাওয়া যাচ্ছেনা। তাই সোলার প্যানেল থেকে ত্রুটিসমূহ সমন্বয় করতে হবে; লুজ ; বৈদ্যুতিক জেনারেটরের সমস্যা দেখা দিয়েছে (১১) যার ফলে ,ডাউন করে- কানেকশনের কারণে বিদ্যুৎ আপ অফিসের ফ্যান লাইট ও কম্পিউটার চালানো অসুবিধার সম্মুখিন হচ্ছে। (১২)উপমহাপরিদর্শক এর বাথরুমসহ অন্যান্য সকল বাথরুমের ফিটিংস , উপমহাপরিদর্শক এর কমোড , বাথরুম সংলগ্ন একটি ওয়াল ,টিস্যুস্ট্যান্ড ,হ্যান্ডওয়াশার ;হ্যাংগার লাগাতে হবে উপমহাপরিদর্শকের রুম ও কনফারেন্স রুমে এলইডি (১২) লাইট লাগাতে হবে।		
২.	**অডিট সংক্রান্ত তথ্য:** মন্ত্রণালয় থেকে প্রাপ্ত পিসিআর-এ জানা যায় প্রকল্পের ইন্টারনাল ও এক্সটারনাল অডিট এখন পর্যন্ত সম্পন্ন হয়নি। জরুরিভিত্তিতে প্রকল্পের অডিট সম্পন্ন করা প্রয়োজন।	২.	মন্ত্রণালয় থেকে প্রাপ্ত পিসিআর -এ জানা যায় প্রকল্পের ইন্টারনাল ও এক্সটারনাল অডিট এখন পর্যন্ত সম্পন্ন হয়নি। জরুরিভিত্তিতে প্রকল্পের সকল প্রকার অডিট সম্পন্ন করে তথ্য আইএমইডিতে প্রেরণ করতে হবে;

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তিশালীকরণ এবং ০৯টি জেলা কার্যালয় স্থাপন (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্প সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: ডিসেম্বর ২০১৭)

০১. প্রকল্পের নাম : কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তিশালীকরণ এবং ০৯টি জেলা কার্যালয় স্থাপন (১ম সংশোধিত)

০২. প্রকল্পের অবস্থান : নারায়নগঞ্জ, গাজীপুর, ময়মনসিংহ, ফরিদপুর, কুমিল্লা, মৌলভীবাজার, কুষ্টিয়া, রংপুর এবং বরিশাল জেলা।

০৩. ক) বাস্তবায়নকারী সংস্থা : ক) কলকারখানা পরিদর্শন অধিদপ্তর
খ) নির্বাহক সংস্থা খ) গণপূর্ত অধিদপ্তর ও স্থাপত্য অধিদপ্তর

০৪. প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

০৫. প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় (প্রঃ সাঃ)	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল (প্রঃ সাঃ)	সংশোধিত (প্রঃ সাঃ)		মূল	সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
২৪৮২.০০	৭২৫০.০২	৫৯৩৬.৫২	৮ জানুয়ারি, ২০১৩ হতে ৩১ ডিসেম্বর, ২০১৪	৮ জানুয়ারি ২০১৩ হতে ৩১ ডিসেম্বর, ২০১৭	৮ জানুয়ারি ২০১৩ হতে ৩১ ডিসেম্বর, ২০১৭	৩৪৩৪.৫২ ১৩৮%	৩ বছর ১৫০%

০৬। প্রকল্পের অর্থায়নঃ সম্পূর্ণ জিওবি অর্থায়নে প্রকল্পটি বাস্তবায়িত হয়েছে।

০৭। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়নঃ

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতি নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

ক্র. নং	আরডিপিপি অনুযায়ী কাজের অঙ্গের নাম	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন		
			আর্থিক	বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব পরিমাণ (%)	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)		(৭)
	(ক) রাজস্ব						
১.	ভ্রমণ ভাতা (৪৮০১)		১৫.০০		১.৩৫		
২.	পানি বিদ্যুৎ বিল (৪৮১৯)		২০.০০		-		
৩.	গ্যাস ও জ্বালানী (৪৮২২-২৩)		৫.০০		০.৫৭		
৪.	স্টেশনারী, সিল ও স্ট্যাম্প (৪৮২৮)		৩০.০০		৬.২৬৬		
৫.	প্রচার ও বিজ্ঞাপন (৪৮৩৩)		৩.০০		১.৭১৭		
৬.	প্রশিক্ষণ (লোকাল ও ফরেন) (৪৮৪০)		৩৮৭.৫		৩৫৮.৪৫৮		

ক্র. নং	আরডিপিপি অনুযায়ী কাজের অঙ্গের নাম	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন		
			আর্থিক	বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব পরিমাণ (%)	
(১)	*(২)*	*(৩)*	*(৪)*	*(৫)*	*(৬)*		*(৭)*
৭.	আপ্যায়ন (৪৮৪৫)		১০.০০		০.৬০৫		
৮.	সম্মানী ভাতা ও কমিটি ফি (৪৮৮৩)		৬.০০		২.০৪৫		
৯.	অন্যান্য ব্যয় (৪৮৯৯)		৫০.০০		১১.১৫৭		
১০.	মটর ও মটর যন্ত্রপাতি মেরামত (৪৯০৬)		২২.০০		-		
	উপমোট (রাজস্ব)		৫৯৩.৫০		৩৮২.১৭		
	(খ) মূলধনঃ						
১১.	গাড়ী যানবাহন ক্রয় (৬৮০৭)		৪১৩.৭৫	জীপ-১টি মাইক্রোবাস ৬টি মোটর সাইকেল-৪৫টি	৩৭০.০৮	জীপ-১টি মাইক্রোবাস-৬টি মোটর সাইকেল-৪৫টি	
১২.	কম্পিউটারসহ অফিস যন্ত্রপাতি ক্রয় (৬৮১৩)		১০৪.০০	২২ আইটেম	৮৬.৫৯২	২২ আইটেম	
১৩	আসবাবপত্র ক্রয় (৬৮২১)		১০০.০০	১৭ আইটেম	১০৯.৭৮৪	১৭ আইটেম	পিএসসি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী কোড ৬৮১৩ থেকে ৬৮২১ তে ৯.৭৮৪ লক্ষ টাকা স্থানান্তর করে বন উন্নয়ন কর্পোরেশনকে প্রদান করা হয়েছে।
১৪.	টেলিফোন ফ্যাক্স স্থাপন (৬৮২৮)		১৫.০০		-		
১৫.	জমি অধিগ্রহণ (৬৯০১)		১২৫০.০০	৪০ শতাংশ	৩৭৪.৬২	৪৩ শতাংশ	
১৬	নির্মাণ (৭০০৬)		৪৭৭৩.৭৭	৪২০০০ ব: ফু:	৪৬১৩.২৮	৯টি অফিস ভবন	
	(ক) উপমোট (মূলধন)		**৬৬৫৬.৫২**		**৫৫৫৪.৩৫**		
(ক+খ) সর্বমোট (রাজস্ব + মূলধন)=			**৭২৫০.০২**		৫৯৩৬.৫২		

পিসিআর অনুযায়ী

০৮। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ

প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা হতে প্রদত্ত এবং সরেজমিনে প্রাপ্ত তথ্য হতে জানা যায় যে, প্রকল্পের অধীনে কোন কাজ অসমাপ্ত নেই।

০৯। সাধারণ পর্যবেক্ষণ:

৯.১। প্রকল্পের পটভূমি:

১৯৬৯ সনের শ্রম নীতি এবং শ্রম পরিদর্শন সম্পর্কিত ৮১ নং আই.এল.ও কনভেশনশন অনুযায়ী ১৯৭০ সনে কারখানা ও প্রতিষ্ঠানসমূহের পরিদর্শনের জন্য কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদপ্তর নামে একটি স্বতন্ত্র পরিদপ্তর সৃষ্টি হয়। গৌরবময় মুক্তিযুদ্ধের মাধ্যমে ১৯৭১ সনে বিশ্ব মানচিত্রে স্বাধীন ও সার্বভৌম দেশ বাংলাদেশের অভ্যুদয় ঘটে। স্বাধীনতা লাভের ৪৫ বছরে এ দীর্ঘপথ পরিক্রমায় বাংলাদেশে গড়ে উঠেছে অসংখ্য কলকারখানা, দোকান ও বাণিজ্যিক প্রতিষ্ঠান। জাতীয় অর্থনীতিতে শিল্প ও বাণিজ্য সেক্টরের ভূমিকা প্রতিদিনই বাড়ছে। এসব সেক্টরে কাজ করছে লক্ষ লক্ষ শ্রমিক-কর্মচারী। এমন বাস্তবতায় সরকার গত ১৫-০১-২০১৪ খ্রিঃ তারিখে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তরকে অধিদপ্তরে উন্নীত করে জনবল ৩১৪ থেকে বৃদ্ধি করে ৯৯৩ জনে উন্নীত করে। এ অধিদপ্তরের নিজস্ব কোন স্থাপনা বা অফিস ভবন নেই। ফলে সৃষ্টির পর থেকে বিভিন্ন স্থানে ভাড়া বাড়িতে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। এছাড়া ক্রমবর্ধমান শিল্প সেক্টরে আধুনিক যন্ত্রপাতি ও সরঞ্জাদির ব্যবহার অনেক আগেই শুরু হয়েছে। এসব যন্ত্রপাতির কার্যক্রম পরিচালনা ও অন্যান্য কার্যক্রম পরিবেক্ষণের জন্য এ দপ্তরসমূহে অত্যাধুনিক কোন যন্ত্রপাতি ও সরঞ্জাম সংযোজিত হয়নি। তাই অধিদপ্তরের কার্যক্রমে (সাবেক পরিদপ্তর) গতিশীলতা আনয়ন ও দক্ষতা বৃদ্ধির জন্য গত জানুয়ারি, ২০১৩ সালে প্রকল্পটি গ্রহণ করা হয়। প্রকল্পের আওতায় মন্ত্রণালয়ের জমিতে গাজীপুর, নারায়নগঞ্জ, কুষ্টিয়া, বরিশাল ও মৌলভীবাজার জেলায় ০৫টি এবং রংপুর, ময়মনসিংহ, ফরিদপুর ও কুমিল্লায় ক্রয়কৃত জমিতে ০৪টি অফিস ভবন নির্মাণ-এর সংস্থান রাখা হয়। পরিদর্শন কার্যক্রমকে যুগোপযোগী ও আধুনিক করার লক্ষ্যে প্রকল্পের আওতায় পরিদর্শন যন্ত্রপাতি, মাইক্রোবাস, মোটর সাইকেল, অফিসিয়াল সরঞ্জাম, আসবাবপত্র ক্রয়ের সংস্থান রাখা হয়েছে। অধিদপ্তরের জনবল বৃদ্ধি পাওয়ায় নিয়োগকৃত কর্মকর্তা/কর্মচারীগণকে শ্রম আইন, ২০০৬ ও কম্পিউটার পরিচালনা বিষয়ে অভিজ্ঞ করে গড়ে তোলার লক্ষ্যে প্রকল্পের আওতায় কম্পিউটার ট্রেনিং এর সংস্থান রাখা হয়েছে। এছাড়াও মাঠ পর্যায়ে বিভিন্ন কারখানার মালিক, কর্মকর্তা, শ্রমিক নেতা, শ্রমিকগনকে শ্রম আইন, ২০০৬ বিষয়ে উদ্বুদ্ধ করাসহ শ্রম আইন বিষয়ে প্রশিক্ষিত করার লক্ষ্যে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা প্রকল্পের মূল কার্যক্রমে অন্তর্ভুক্ত।

৯.২। প্রকল্পের উদ্যেশ্য:

- প্রকল্পের আওতায় ৯টি জেলায় ৯টি অফিস ভবন নির্মাণ;
- প্রকল্প এলাকায় অবস্থিত শিল্প, কলকারখানা ও বাণিজ্যিক প্রতিষ্ঠান পরিদর্শনের মাধ্যমে শ্রম আইন বাস্তবায়ন;
- প্রকল্পের আওতায় শিল্প কারখানা ও বাণিজ্যিক প্রতিষ্ঠানে কর্মরত বিভিন্ন পর্যায়ের মালিক, কর্মকর্তা, শ্রমিক, ট্রেড ইউনিয়ন নেতা ও অত্র অধিদপ্তরে কর্মরত বিভিন্ন পর্যায়ের পরিদর্শক ও কর্মচারীদের শ্রম আইন, ২০১৬ বিষয়ে উচ্চতর প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করা;
- আধুনিক ও বিজ্ঞানভিত্তিক পরিদর্শন কার্যক্রম পরিচালনার জন্য পরিদর্শন যন্ত্রপাতি ক্রয় এবং অফিস ব্যবস্থাপনা শক্তিশালী করার জন্য আসবাবপত্রসহ কম্পিউটার ও এতদসংক্রান্ত বিভিন্ন যন্ত্রাংশ ক্রয় করা;
- এ অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণকে কম্পিউটার বিষয়ে কার্যকরী প্রশিক্ষণ প্রদান করে তাঁদের অধিকতর দক্ষতা উন্নয়নের ব্যবস্থা গ্রহণ করা;
- শ্রম আইনের আওতায় কলকারখানার লাইসেন্স প্রদান ও নবায়নের মাধ্যমে সরকারের রাজস্ব বৃদ্ধি।

৯.৩। প্রকল্প অনুমোদন , নাম পরিবর্তন, সংশোধন ও ব্যয় বৃদ্ধি সংক্রান্ত তথ্য:

"৫টি জোনাল অফিস ও ৪টি রিজিওনাল কার্যালয় স্থাপন এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তর আধুনিকায়ন ও শক্তিশালীকরণ" শীর্ষক প্রকল্পটি মোট ২৪৮২.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০১৩ থেকে ডিসেম্বর,২০১৪ মেয়াদে বাস্তবায়নের জন্য মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। গণপূর্ত বিভাগের ২০১১ সালের সিডিউল রেট অনুসারে মূল ডিপিপি প্রস্তুত করায় এবং পরবর্তীতে ২০১৪ সালের গণপূর্ত বিভাগের সিডিউল রেট পরিবর্তন হওয়ায় প্রকল্পের প্রণীত সংশোধিত ডিপিপি গত ১৮/১১/২০১৪ তারিখে একনেক সভায় মোট ৭২৫০.০২ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি,২০১৩ হতে ডিসেম্বর,২০১৬ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। সংশোধন অনুমোদন অনুযায়ী প্রকল্পের নাম নির্ধারিত হয় "কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তিশালীকরণ এবং ০৯টি জেলা কার্যালয় স্থাপন (১ম সংশোধিত)।"

৯.৪। মেয়াদ বৃদ্ধির যৌক্তিকতা:

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তর থাকা অবস্থায় ৫টি জোনাল ও ৪টি রিজিওনাল অফিস নির্মাণের জন্য ২৪কোটি ৮২লক্ষ টাকার একটি প্রকল্প নেয়া হয়। উক্ত প্রকল্পে ৪তলা ফাউন্ডেশনে ২তলা বিল্ডিং নির্মাণের সংস্থান রাখা হয়। পরবর্তীতে পরিদপ্তর থেকে অধিদপ্তরে উন্নীত করা হলে জনবল বৃদ্ধি পাওয়ায় প্রকল্পের সংশোধন করা হয়। প্রথম সংশোধনীতে প্রকল্পের নাম রাখা হয় "কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তিশালীকরণ এবং ০৯টি জেলা কার্যালয় স্থাপন (১ম সংশোধিত)"। সংশোধন অনুযায়ী প্রকল্পের আওতায় ভূমি অধিগ্রহণের পরিমাণ , ভবন নির্মাণে নকশার পরিবর্তনসহ বিভিন্ন কার্যক্রম বৃদ্ধি পাওয়ায় সময় বৃদ্ধির প্রয়োজন হয়।

৯.৫। ক্রয় পরিকল্পনা এবং বাস্তবায়ন:

প্রকল্পের ক্রয় পরিকল্পনার ক্ষেত্রে জমি ক্রয়, অফিস ইক্যুপমেন্ট ও সরঞ্জাম, পরিদর্শন যন্ত্রপাতি, আসবাবপত্র ও যানবাহন ক্রয়ের সংস্থান প্রকল্পে ছিল। সংস্থান অনুযায়ী প্রকল্পের আওতায় ১টি জীপ, ৬টি মাইক্রোবাস ও ৪৫টি মটরসাইকেলসহ ৫২টি যানবাহন, ২২ প্রকারের অফিসিয়াল ও প্রশিক্ষণ যন্ত্রপাতি, ১৭ প্রকারের আসবাবপত্র করা হয়েছে। ৬টি মাইক্রোবাস সংস্থান অনুযায়ী ৬টি প্রতিষ্ঠানে হস্তান্তর করা হয়েছে। প্রকল্প পরিচালকের জন্য সংগৃহীত জীপ কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরে TO&E ভুক্ত করার জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ হয়েছে বলে পিসিআর-এ উল্লেখ রয়েছে। তবে কত তারিখে পত্র প্রেরণ করা হয়েছে তার কোন উল্লেখ নেই। প্রকল্পের আওতায় ৯টি জেলায় ৯টি অফিস ভবন ও আনুষঙ্গিক পূর্ত কাজের পরিকল্পনা ও বাস্তবায়ন গণপূর্ত অধিদপ্তর কর্তৃক সম্পন্ন হয়েছে ।

১০। প্রকল্প পরিদর্শন ও বাস্তবায়ন পর্যবেক্ষণ:

১০.১। গত ১৭-১১-২০১৮ তারিখ প্রকল্পের বরিশাল অংশ বরিশাল কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদপ্তর আধুনিকতায়ন ও শাক্তিশালীকরণ প্রকল্প পরিদর্শন করা হয়।পরিদর্শনকালে গণপূর্ত বিভাগের উপবিভাগীয় প্রকৌশলী, সহকারী প্রকৌশলী, উপসহকারী প্রকৌশলী, কলকাখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন এর উপমহাপরিদর্শক, সহকারী মহাপরিদর্শক এবং বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা/কর্মচারী উপস্থিত ছিলেন। গত ২১-০৩- ২০১৯ তারিখ প্রকল্পের নারায়নগঞ্জ অংশ পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে গণপূর্ত বিভাগের উপসহকারী প্রকৌশলী, কলকাখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন এর উপমহাপরিদর্শক ও বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা/কর্মচারী উপস্থিত ছিলেন । গত ৪০-০৫-২০১৯ তারিখ প্রকল্পের ময়মনসিংহ অংশ পরিদর্শন করা হয় । পরিদর্শনকালে গণপূর্ত বিভাগের উপসহকারী প্রকৌশলী, কলকাখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন এর সহকরী উপমহাপরিদর্শক ও বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা/কর্মচারী উপস্থিত ছিলেন । সর্বশেষ গত ০৪-০৫-২০১৯ তারিখে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর/প্রকল্প অফিস পরিদর্শন করা হয়।

১০.২। ভূমি ক্রয়: প্রকল্পের আওতায় ৯টি জেলায় ৯টি জেলা অফিস স্থাপনের জন্য আরডিপিপি অনুযায়ী শুধুমাত্র ৩টি জেলা যথা- ফরিদপুর, রংপুর ও কুমিল্লা কার্যালয়ের জন্য .৩০ অথবা .৩৩ একর এবং ময়মনসিংহ কার্যালয়ের জন্য .২০ একর ভূমি ক্রয়ের সংস্থান ছিল। এতে বরাদ্দ রাখা ছিল ১২৫০ .০০ লক্ষ টাকা। পিসিআর অনুযায়ী ৪৩ শতাংশ জমি ক্রয় করা হয়েছে, যাতে ব্যয় হয়েছে ৩৭৪.৬২ লক্ষ টাকা। উল্লেখ্য, ময়মনসিংহ কার্যালয়ের জন্য .২০ একর ভূমি ক্রয় করা সম্ভব হয়নি, মাত্র .১০ একর জমি ক্রয় করা সম্ভব হয়েছে ।

১০.৩। ভৌত কাজ: আরডিপিপি অনুযায়ী প্রকল্পের আওতায় ৯টি জেলায় ৯টি অফিস ভবন নির্মাণের ক্ষেত্রে প্রতিটি ভবনের জন্য লিফট বসানোর ব্যবস্থা রেখে নারায়নগঞ্জ ও গাজীপুর জেলার জন্য ১০তলা ভিতসহ ৩তলা ভবন এবং বরিশাল, কুষ্টিয়া, মৌলভী বাজার, রংপুর, ফরিদপুর, কুমিল্লা ও ময়মনসিংহ জেলার জন্য ৬তলা ভিতসহ ২তলা ভবন নির্মাণের সংস্থান ছিল। এছাড়া, ভবনের সাথে সংশ্লিষ্ট অন্যান্য কাজ হলো- পাম্প হাউজ নির্মাণ, সাব-স্টেশন এবং জেনারেটর ভবন নির্মাণ, গ্যারেজ নির্মাণ, পানি সংরক্ষণাগার নির্মাণ, ডিপ টিউবওয়েল স্থাপ ,বহিঃস্থ বৈদ্যুতিকরণ (যেমন-১০০ কেভিএ সাব-স্টেশন (এইচটি এবং এলটি ক্যাবল), ৩০কেভিএ জেনারেটর, এয়াকুলার স্থাপন-৮টন, ৩ এইচপি সাবমারসিবল পাম্প স্থাপন, ১ .৫ এইচপি সেন্ট্রিফুগাল পাম্প স্থাপন, কম্পাউন্ড/সিকিউরিটি লাইটিং,পিএবিএক্স/ইন্টারকম সিস্টেম,ডিজিটাল কনফারেন্স সিস্টেম, অগ্নি নির্বাপক,সোলার পিভি সিস্টেম), বাউন্ডারী ওয়াল নির্মাণ, কম্পাউন্ড ড্রেইন নির্মাণ, এ্যাপ্রোচ রোড নির্মাণ, প্রকল্প স্থান উন্নয়ন, মাটি পরীক্ষা ও ডিজিটাল সার্ভে, টেস্টিং অব মেটারিয়ালস, আরবরিকালচার। সরেজমিন পরিদর্শনে বরিশাল ও ময়মনসিংহ অফিস ৫তলা বিশিষ্ট দেখা গেছে। আরডিপিপি অনুযায়ী ময়মনসিংহ অফিসটি এক বিঘা জমির ওপর স্থাপনের কথা থাকলেও জমি না পাওয়ায় ১০ শতাংশ জমির ওপর অফিসটি স্থাপিত হয়েছে। জমির সংকুলান না হওয়ায় সাব-স্টেশন ও জেনারেটর ভবন, গ্যারেজ নির্মাণ আলাদাভাবে

করা সম্ভব হয়নি, ভবনের গ্রাউন্ড ফ্লোরে করা হয়েছে। এছাড়া, জমির স্বল্পতার কারণে এ্যাপ্রোচ রোড ও আরবরিকালচার, অভ্যন্তরীণ ড্রেন ইত্যাদি কাজ করা সম্ভব হয়নি। সে জন্য প্রকল্পের ময়মনসিংহ অংশে অনেক ভৌত কাজ কমে যায় এবং সংস্থানকৃত একই খরচে ময়মনসিংহ কালকারখানা ও প্রতিষ্ঠান অফিসটি ৫ তলা পর্যন্ত স্থাপন করা হয়। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে বলে জানা যায়।



কলকারখানা ও পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয় বরিশাল



কলকারখানা ও পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয় ময়মনসিংহ



কলকারখানা ও পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, নারায়নগঞ্জ কার্যালয়



ময়মনসিংহ কার্যালয়ের সাব-স্টেশন যন্ত্রপাতি

১০.৪। যানবাহন সংক্রান্ত তথ্যাদি: সংস্থান অনুযায়ী প্রকল্পের আওতায় ১টি জীপ, ৬টি মাক্রোবাস, ৪৫টি মটর সাইকেল এবং ৬০টি ড্রাইভিং হেলমেট ক্রয় করা হয়েছে। উল্লিখিত যানবাহনগুলো নিম্নোক্তভাবে বন্টন করা হয়েছে।

নং	বিবরণ	প্রকল্প অফিস	DIFE	গাজীপুর	নাঃনগঞ্জ	কুমিল্লা	ফরিদপুর	ময়মনসিংহ	মৌলভীবাজার	রংপুর	কুষ্টিয়া	বরিশাল	মোট
১।	মাইক্রোবাস	-	-	০১	০১	০১	-	০১	০১	-	০১	-	০৬টি
২।	মোটর সাইকেল	০১	০১	০৯	০৯	০২	০২	০৩	০২	০২	০৩	০২	৪৫টি
৩।	হেলমেট	০১	২৫	০৯	০৯	০২	০২	০৩	০২	০২	০৩	০২	৬০টি

প্রকল্প অফিসের কাজের জন্য ক্রয়কৃত ১টি জীপ কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরে TO&E ভুক্ত করার জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ হয়েছে বলে জানা যায়।

১০.৫। কম্পিউটার ও অফিস মালামাল: প্রকল্পের আওতায় ২২ ধরনের ১৯৪১টি মালামাল কয় করা হয়। মালামালগুলো হলো- কম্পিউটার-৬৮টি, হ্যান্ডি ক্যামারা-৯টি, ব্যারো মিটার-৯টি, লাইট মিটার-৯টি, মিগার-৯টি, মিজারিং ট্যাপ-৪০টি, সাউন্ড লেভেল মিটার-৯টি, লেজার প্রিন্টার (সাদা-কালো)-১২, ফ্যাক্স মেশিন-১০টি, ইউপিএস-৬৮টি, স্কেনার-১০টি, ফোম টাইপ অগ্নিনির্বাপক-১০টি, CO_2টাইপ অগ্নিনির্বাপক-১০টি, পাঞ্চ মেশিন-২৪টি, সিলিং ফ্যান-১০০টি, কুকারিজ ১০টি, ওয়াটার ফিল্টার-১০টি, ফার্স্ট এইচ বক্স-১৪টি, থার্মোমিটার-১২টি, লকার-১০টি, স্পাইরাল বাইন্ডিং মেশিন-১০টি, স্ট্যাপ্লার মেশিন-২৪টি, ইলেকট্রিক ফ্লাক্স-১২টি, মাল্টিমিডিয়া প্রজেক্টর-২টি, ফার্টিক্যাল ব্লাইড-১০০টি, সেফটি হেলমেট-১০০টি, গ্লভস-২০০টি, গামবুট-১০০টি, ইয়ার প্লাগ-৫০০টি, ইয়ার মাফ-১০০টি, সেফটি বেল্ট-২০টি, সেফটি চশমা-২০টি, ডাস্ক মাস্ক-১০০টি, গ্যাস মাস্ক-১০০টি, রেসপিরেটর-১০০। উল্লিখিত মালামালগুলো কোন কোন অফিসে বিতরণ করা হয়েছে তার একটি তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেয়া হলো।

১০.৬। আসবাবপত্র: প্রকল্পে আওতায় স্পোনস সোফা সেট ২টি, সেক্রেটারিয়েট /এক্সিকিউটিভ টেবিল-৩৫টি, হাফ সেক্রেটারিয়েট টেবিল-২০টি, স্টাফ সেক্রেটারিয়েট টেবিল-৩৫টি, কুশন চেয়ার(হাতলসহ)-৩৫টি, বিশেষ ধরনের হাতলযুক্ত কুশন চেয়ার-২০টি, হাতাযুক্ত সাধারণ কুশন চেয়ার৩৫টি, হটনট (প্লেইন)-৩৫টি, স্টীল ফাইল কেবিনেট-৩৫টি, টিফিন টেবিল-৯টি, হাতাযুক্ত কাঠের চেয়ার-২৩০টি, স্টীল আলমিরা-৫১টি, ফটোকপি মেশিনের টেবিল-১০টি, কনফারেন্স টেবিল-১০টি, হাতাযুক্ত কুশন চেয়ার (কনফারেন্স টাইপ)-১২৬, কম্পিউটার টেবিল-৭১টি এবং কম্পিউটার চেয়ার-৭১টি ক্রয় করা হয়েছে। উল্লিখিত আসবাবপত্রগুলো কোন কোন অফিসে বিতরণ করা হয়েছে তার তালিকা পরিশিষ্ট 'খ'-তে দেয়া হলো।

১০.৭। জনবল: প্রকল্প বাস্তবায়নের জন্য প্রকল্পের আওতায় অতিরিক্ত দায়িত্ব হিসেবে একজন প্রকল্প পরিচালক, প্রেষণে ১জন সহকারী প্রকল্প পরিচালক, প্রেষণে ১জন নিম্নমান সহকারী কাম কম্পিউটার অপারেটনর, প্রেষণে ১জন সহকারী হিসাব রক্ষক, আউটসোর্সিংয়ে ১জন ড্রাইভার ও আউটসোর্সিংয়ে ১জন এমএলএসএস নিয়োগের সংস্থান ছিল। DIFE এর মহাপরিচালক (অতিরিক্ত সচিব) অতিরিক্ত দায়িত্ব হিসেবে প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেন। ১জন সহকারী প্রকল্প পরিচালক, ১জন নিম্নমান সহকারী কাম কম্পিউটার অপারেটর, ১জন সহকারী হিসাব রক্ষক এর স্থলে DIFEএর নিজস্ব জনবল অতিরিক্ত দায়িত্ব পালন করেছেন। আউটসোর্সিংয়ে ১জন ড্রাইভার ও ১জন এমএলএসএস নিয়োগ দেয়া হয়নি বলে জানা যায়।

১০.৮। প্রশিক্ষণ: প্রকল্পের আওতায় স্থানীয় ও বৈদেশি প্রশিক্ষণের সংস্থান ছিল। শ্রম আইন-২০১৬ বিষয়ে স্থানীয় প্রশিক্ষণের ক্ষেত্রে DIFE এর পরিদর্শক, কারখানার শ্রমিক, কারখানা মালিক, ইউনিয়নের প্রতিনিধিদের ৭২টি প্রোগ্রামের মাধ্যমে দুইদিন ব্যাপী ৩০জন করে মোট ২১৬০জনকে স্থানীয় প্রশিক্ষণ দেওয়া হয়। এছাড়া, সংস্থান অনুযায়ী DIFE এর স্টাফদেরকে কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে বলে জানা যায়। বৈদেশি প্রশিক্ষণ /স্টাডি ট্যুরের ক্ষেত্রে ভিয়েত নাম ও থাইল্যান্ডে ২টি প্রোগ্রামের মাধ্যমে ১২জন করে ২৪ জনকে এবং ৩য় প্রোগ্রামে ডেনমার্কে ১০জনকে প্রশিক্ষণ /স্ট্যাডি ট্যুরে প্রেরণ করা হয়। উক্ত ট্যুরে পরিকল্পনা কমিশন, আইএমইডি, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, গণপূর্ত মন্ত্রণালয়ের প্রতিনিধি, কলকারখানা ও পরিদর্শন অধিদপ্তরের কর্মকর্তাগণ অংশ গ্রহণ করেন।

১১। অর্থবছর ভিত্তিক বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত

অর্থবছর	মূল ডিপিপি	সংশোধিত ডিপিপি	সংশোধিত এডিপি বরাদ্দ	অবমুক্ত	মোট প্রকৃত ব্যয়	সমর্পনকৃত অর্থের পরিমাণ
২০১২-১৩	৩৪৪.২০	৩০১.২৭	৩০২.০০	৩০২.০০	৩০১.২৭	
২০১৩-১৪	২০১৪.৯০	৫৫.৬২	৬২৫.০০	২৮৯.০০	৫৫.৬২	
২০১৪-১৫	১২২.৯০	২৪০৩.২২	১২৩৮.০০	১১১৯.২৮	১০৮৪.৯৩	
২০১৫-১৬	-	৩০৭৪.১২	২১০০.০০	২১০০.০০	১০৫৮.৮৮	
২০১৬-১৭	-	১৪১৫.৭৯	৩১০০.০০	১৯৪২.০০	১৭৭৯.১২	
২০১৭-১৮	-	-	৬৭৭.০০	৬৭৩.০০	৬৫৬.৭০	
	২৪৮২.০০	৭২৫০.০২	৮০৪২.০০	৬৪২৫.২৮	৪৯৩৬.৫২	

সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্প ব্যয় ৭২৫০.০২ লক্ষ টাকার মধ্যে ৬৪২৫.২৮ লক্ষ টাকা অবমুক্ত হয় এবং প্রকৃত খরচ হয় ৪৯৩৬.৫২ লক্ষ টাকা অর্থাৎ মোট বরাদ্দের ৬৮% ব্যয় হয়। অবমুক্তকৃত ১৪৮৮.৭৬ লক্ষ টাকা অব্যয়িত রয়েছে। অব্যয়িত টাকা সরকারি কোষাগারে জমা দেয়া হয়েছে কিনা পিসিআরএ তা উল্লেখ নেই।

১২। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :

ক্রঃ নং	নাম ও পদবি	পূর্ণকালীন	খন্ডকালীন	একের অধিক প্রকল্পের দায়িত্বে নিয়োজিত কি না	প্রকল্প পরিচালকের দায়িত্বকাল	
					আরম্ভ	সমাপ্ত
	মোঃ সামছুজ্জামান ভূইয়া আইজি	হ্যা	অতিরিক্ত দায়িত্ব	না	১০.১১.২০১৪	৩১.১২.২০১৭

১৩। প্রকল্পের উদ্দেশ্য ও অর্জন:

অনুমোদিত আরডিপিপি অনুযায়ী প্রকল্পের উদ্দেশ্য ও পিসিআর অনুযায়ী এর অর্জন নিম্নরূপ:

উদ্দেশ্য	প্রকৃত অর্জন	মন্তব্য
(ক) ৯টি জেলায় ৯টি অফিস ভবন স্থাপন	(ক) ৯টি জেলায় ৯টি অফিস ভবন স্থাপন হয়েছে	-
(খ) শ্রমঘন শিল্পাঞ্চলের কলকারখানাসমূহ কম সময়ে ও ব্যয়ে নিবিড় পরিবীক্ষণ কার্যকর পরিদর্শন কার্যক্রম ব্যবস্থা বিকেন্দ্রীকরণ	(খ) শ্রমঘন শিল্পাঞ্চলের কলকারখানাসমূহ কম সময়ে ও ব্যয়ে নিবিড় পরিবীক্ষণ কার্যকর পরিদর্শন কার্যক্রম ব্যবস্থা বিকেন্দ্রীকরণ করা হয়েছে।	-
(গ) কলকারখানা ও প্রতিষ্ঠান অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারী, কারখানার শ্রমিক, কারখানা ব্যবস্থাপক এবং ট্রেড ইউনিয়নের প্রতিনিধিদের বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এর ওপর প্রশিক্ষণ প্রদান	কলকারখানা ও প্রতিষ্ঠান অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারী, কারখানার শ্রমিক, কারখানা ব্যবস্থাপক এবং ট্রেড ইউনিয়নের প্রতিনিধিদের বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এর ওপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।	-
(গ) পরিদর্শন যন্ত্রপাতি ও আসবাবপত্র ক্রয়	পরিদর্শন যন্ত্রপাতি ও আসবাবপত্র ক্রয় করা হয়েছে।	-
(ঘ) কলকারখানা ও প্রতিষ্ঠান অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের কম্পিউটারে দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ প্রদান	কলকারখানা ও প্রতিষ্ঠান অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের কম্পিউটারে দক্ষতা উন্নয়নের জন্য প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।	-
(ঙ) নন-টেক্স রেভিনিউ সংগ্রহ বৃদ্ধির বিষয়ে জেলা এবং প্রধান কার্যালয়ের মধ্যে যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন	নন-টেক্স রেভিনিউ সংগ্রহ বৃদ্ধির বিষয়ে জেলা এবং প্রধান কার্যালয়ের মধ্যে যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন হয়েছে।	-

১৪। পর্যালোচনা:

১৪.১। প্রকল্পের অব্যয়িত অর্থ: প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ৭২৫০.০২ লক্ষ টাকা। প্রকল্পের অনুকূলে ৫৯৩৬.৫২ লক্ষ টাকা ব্যয় হয়েছে বলে পিসিআর এ উল্লেখ করা হয়েছে। তবে, অব্যয়িত ১৩১৩.৫০ লক্ষ টাকা সরকারি কোষাগারে জমাদান সংক্রান্ত তথ্য বা প্রমাণপত্র পিসিআর-এ পাওয়া যায়নি।

১৪.২। **প্রকল্পের বরিশাল অংশে ত্রুটি ও সম্পন্ন কাজের তথ্য** : গত ১৭- ১১-২০১৮ তারিখে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, বরিশাল কার্যালয় সরেজমিন পরিদর্শন করা হয়। সরেজমিন পরিদর্শনে এবং গত ৭ মে ২০১৯ তারিখে বরিশাল কার্যালয়ের ডিআইসি কর্তৃক নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, বরিশাল বরাবর প্রেরিত পত্রের তথ্যেরভিত্তিতে বরিশাল কার্যালয়ে কিছু ত্রুটি ও অসম্পন্ন কাজের তথ্য পাওয়া যায়, যা সমাধা করা প্রয়োজন। ত্রুটি ও অসম্পন্ন কাজের বিবরণ নিম্নরূপঃ

(১) ফ্লোর ও পার্কিং টাইলস নিম্নমাণের;
(২) ভবনের পশ্চিম পাশের প্রাচীরের কোন কাজ করা হয়নি;
(৩) অফিস ভবনের প্রবেশ পথের রাস্তার রেলিং অসামঞ্জস্যপূর্ণ;
(৪) টেলিফোন, ইন্টারনেট ও সিসি ক্যামারা সংযোগের জন্য কনসিল্ড এর ব্যবস্থা না রাখা হয়নি;
(৫) বিদ্যুৎ সংযোগ ত্রুটি থাকায় কিছু লাইট ও ফ্যান চলে না;
(৬) সোলার প্যানেল বসানো হলেও সংযোগ দেয়া হয়নি;
(৭) জেনারেটর অন্য স্থানে বসানোর জন্য লাইসেন্সিং বোর্ডের পরামর্শ অনুযায়ী কাজ করা হয়নি;
(৮) গার্ড রুমে এবং কনফারেন্স রুমে ফ্যান লাগানো হয়নি;
(৯) কনফারেন্স রুম ও মহাপরিদর্শনেকর কক্ষে এসি লাগানো হয়নি।
(১০) উত্তোলিত পানি পান করার অনুপযোগী;
(১১) গেস্ট রুমের ফার্নিচার সরবরাহ করা হয়নি
(১২) পিএবিএক্স সিস্টেম স্থাপন করা হয়নি;
(১৩) ইন্টেরিয়র ডিজাইন অসম্পূর্ণ এবং রং করা হয়নি;
(১৪) ইলেকট্রিসিটি পোল ঢালাই করা হয়নি
(১৫) দেয়ালের বিভিন্ন স্থানে রং নষ্ট হয়ে গেছে এবং লোনা ধরেছে।



বরিশাল কার্যালয়ের ভবনের ছাদের সোলার প্যানেল, যা সংযোগ দেয়া হয়নি



নারায়নগঞ্জ কার্যালয়ের সাবমারসেবল পাম্প, যেটির মুখ খোলা, আপাততঃ ঢেকে রাখা হয়েছে



বরিশাল কার্যালয়ের নিম্নমানের ফ্লোর টাইলস



নারায়নগঞ্জ কার্যালয়ের গাড়ী রাখার গ্যারেজ, যেখানে গাড়ী রাখা যায় না

১৪.৩। **প্রকল্পের নারায়নগঞ্জ অং শে ত্রুটি ও অসম্পন্ন কাজের তথ্য** : গত ২১-০৩- ২০১৯ তারিখে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, নারায়নগঞ্জ কার্যালয় সরেজমিন পরিদর্শন করা হয়। সরেজমিন পরিদর্শনে বরিশাল কার্যালয়ে কিছু ত্রুটি ও অসম্পন্ন কাজের তথ্য পাওয়া যায়, যা সমাধা করা প্রয়োজন। ত্রুটি ও অসম্পন্ন কাজের বিবরণ নিম্নরূপঃ

(১) উত্তোলিত পানিতে প্রচুর আইরন থাকায় পানি পান করা যাচ্ছে না;
(২) গাড়ী রাখার গ্যারেজ দৈর্ঘ্যের পরিমাণ কম হওয়ায় গাড়ী রাখা যায় না;
(৩) পাম্পের যে পাইপের ভিতর সাবমারসেবল পাইপ ঠুকানো হয়েছে সেই পাইপের মুখ খোলা। ফলে এলাকার ছেলে-মেয়রা পাইপের ভিতর নানা রকম ময়লা আবর্জনা ফেলে;
(৪) বাউন্ডারী দেয়ালের উপর সিকিউরিটি গ্রীল না দেয়ায় নিরাপত্তা ঝুঁকির আশংকা

এছাড়া, কনফারেন্স রুমে ব্যবহারের জন্য Inventory কৃত মালামালের মধ্যে ডিজিটাল ডিসপ্লে এবং পিএবিএক্স ইন্টারকম সিস্টেম এবং ফায়ার এ্যাগজিস্টিংগুসার মালামালের মধ্যে ৮ +৩২ লাইন ডিজিটাল পিএবিএক্স সিস্টেম-১টি সরবরাহ করা হয়নি বলে জানা যায়। Single line Telephone set ৫টির স্থলে ৩টি, Corbon-Di Oxide Type Fire Extinguisher ২০টির স্থলে ৪টি সংবরাহ করা হয়েছে ।

১৪.৪। ময়মনসিংহ অংশে সমস্যা : গত ৪০-০৫-২০১৯ তারিখে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ময়মনসিংহ কার্যালয় সরেজমিন পরিদর্শন করা হয়। সরেজমিন পরিদর্শনে জানা যায়, গভীর নলকূপের পানি আয়রন যুক্ত হওয়ায় পানি ব্যবহার করা যাচ্ছে না, আপাততঃ টেস্ট টিউবওয়েল থেকে পানি সরবরাহ করা হচ্ছে। উল্লিখিত সমস্যা দ্রুত নিরসন করা প্রয়োজন।

১৪.৫। রংপুর অং শে কাজের ত্রুটি ও অসম্পন্ন কাজের তথ্য: গত ৩১ মার্চ ২০১৯ তারিখে রংপুর কার্যালয়ের ডিআইজি প্রধান নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, রংপুর বরাবর একটি পত্র প্রেরণ করে। যাতে রংপুর কার্যালয়ের কিছু ত্রুটি ও অসম্পন্ন কাজের তথ্য রয়েছে, যা সমাধা করা প্রয়োজন। ত্রুটি ও অসম্পন্ন কাজের বিবরণ নিম্নরূপঃ

(১) ইন্টারকম লাইন সংযোগ সচল করা হয়নি;
(২) গাড়ীর গ্যারেজ এর বৈদুতিক লাইন সংযোগ করা হয়নি;
(৩) বিদ্যুতের সাব-স্টেশন ত্রুটিপূর্ণ;
(৪) সম্মেলন কক্ষের একটি এসি নষ্ট;
(৫) বাগারে মাটি ভরাট করা হয়নি;
(৬) প্রক্ষালন কক্ষের কমোডগুলো নষ্ট;
(৭) ভবনের ছাদে এলইডি নষ্ট;
(৮) বিদ্যুতের মেইন লাইন নষ্ট;
(৯) ভবনের বিভিন্ন অংশের দেয়ালে ফাটল দেখা দিয়েছে;
(১০) পানির দুইটি ট্যাংক-এর মধ্যে একটিতে ফাটল দেখা দেওয়তায় পানি বের হয়ে যায়।

১৪.৬। মৌলভীবাজার অং শে কাজের ত্রুটি ও অসম্পন্ন কাজের তথ্য: প্রকল্পের মৌলভীবাজার অংশে নির্মিত ভবনের ত্রুটি বিষয়ে উক্ত প্রতিষ্ঠানের উপ-মহাপরিচালক জনাব মোঃ ইউসুফ আলী গত ১১-১২-২০১৮ তারিখে মহাপরিচালক (অতিরিক্ত সচিব) বরাবর একটি পত্র প্রেরণ করেন। পত্রে উল্লিখিত ত্রুটিসমূহ নিম্নরূপঃ

(১) ভবনের দেয়ালে স্যাত স্যাতে ও ড্যাম্প নাই;
(২) মূল ফটক থেকে গ্যারেজ পর্যন্ত রাস্তাটি সরু করে নির্মাণ করায় গাড়ী গ্যারেজে যাওয়ার জন্য টার্ণ করানো সমস্যা হয়। রাস্তার উত্তর পূর্ব কর্ণারে রাস্তা থেকে গ্যারেজের ভিতরে গাড়ী প্রবেশ করানো ও বের করা যায় না;
(৩) গাড়ী পার্কিংয়ের নির্মিত ভবন/গ্যারেজ-এর উচ্চতা যথেষ্ট নয় এবং গ্যারেজের মেটাল সার্টার নাই । ফলে যে কেউ ঢিল ছুড়ে গাড়ীর গ্লাস এবং গাড়ীর ক্ষতি সাধন করতে পারে;
(৪) উপমহাপরিদর্শকসহ অন্যান্য কোন রুমের ভিতরের ডিজাইন (Interior design) করা হয়নি;
(৫) অফিস ভবন ও সংলগ্ন অভ্যন্তরীণ পাকা রাস্তা এবং বাউন্ডারী দেয়ালের মধ্যে মাটি সমান করে ভরাট করা হয়নি। ফলে অসমতল এবং এবড়োথ্যাবড়ো অবস্থায় আছে। যা দেখতেও দৃষ্টিকুটু;

(৬) ভবনের ছাদ এবড়োথ্যাবড়ো করে ঢালাই (Casting) করার কারণে সামান্য বৃষ্টি হলেও ছাদে পানি জমে;
(৭) অফিসে স্থাপিত ফিটিংসগুলো অত্যন্ত নিম্নমানের হওয়ায় ইতোমধ্যে অনেকগুলো অকেজো হয়ে গেছে;
(৮) ওয়াশরুমের লুকিং গ্লাসগুলো মরিচাযুক্ত ছিল। পরিবর্তন করার পরও উপমহাপরিদর্শকের বাথরুমের ওয়াল লুকিং গ্লাস পুনরায় মরিচা ধরেছে এবং অন্যান্য ১০টি গ্লাসে মরিচা পড়েছে;
(৯) মেইন গেইটের দুই পার্শ্বের কলামের ওপর স্থাপিত লাইটগুলোর সার্কিট পড়ে যাওয়ার কারণে প্রায়ই বন্ধ হয়ে যায়;
(১০) উপমহাপরিদর্শকের রুমের দরজার পার্শ্বের দেয়ালের উভয় দিকেই ফাটল দেখা দিয়েছে।

১৪.৭ প্রকল্পের কুমিল্লা অংশে কাজের ত্রুটি ও অসম্পন্ন কাজের তথ্য: প্রকল্পের কুমিল্লা অংশে নির্মিত ভবনের ত্রুটি অথবা অসম্পূর্ণ কাজের বিষয়ে অবহিত করার জন্য উক্ত প্রতিষ্ঠানের উপ-মহাপরিচালক জনাব এম .এম. মামুন-অর-রশিদ গত ২১-০৪-২০১৯ তারিখে মহাপরিচালক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর বরাবর পত্র প্রেরণ করেন। পত্রে উল্লিখিত ত্রুটি অথবা অসম্পূর্ণ কাজগুলো নিম্নরূপঃ

(১) নির্মিত অফিস ভবনের উত্তর পাশের দেয়ালে স্যাঁতসেঁতে রয়েছে;
(২) ডিআইসি রুম ও কনফারেন্স রুমে অটোমেটিক ডোর ক্লোজার নেই;
(৩) অধিকাংশ টিউবলাইট জ্বলে না;
(৪) পানির ট্যাপ দিয়ে পানি পড়ে না;
(৫) সৌর বিদ্যুৎ লাইনে কোন সংযোগ সচল নেই;
(৬) কনফারেন্স রুমের ১টি এসি কাজ করে না।

১৪.৮। গাজীপুর অংশে কাজের ত্রুটি ও অসম্পন্ন কাজের তথ্য: প্রকল্পের গাজীপুর অংশে নির্মিত ভবনের ত্রুটি ও অসম্পূর্ণ কাজ সম্পন্ন করার বিষয়ে উক্ত প্রতিষ্ঠানের উপ-মহাপরিচালক জনাব মোঃ ইউসুফ আলী গত ১৮-০৩-২০১৯ তারিখে নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, গাজীপুর-কে পত্র দেন এবং মহাপরিচালক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর বরাবর পত্রের অনুলিপি দিয়ে বিষয়টি অবহিত করেন। পত্রে উল্লিখিত ত্রুটি ও অসম্পন্ন কাজের বিবরণ নিম্নরূপ:

(১) অফিসের সামনের গেটের উপর দিয়ে লোকজন আসা যাওয়া করে। এ গেটটির ডিজাইন পরিবর্তন করে নতুন করে স্থাপন করতে হবে;
(২) অফিস ভবনের চার দিকের বাউন্ডারী ওয়াল বিভিন্ন স্থানে ফাটল ও ধ্বসে গেছে তা নতুন করে প্লাস্টার ও মেরামত করতে হবে;
(৩) গাড়ি রাখ্যর গ্যারেজটি দুই দিকে কোন ওয়াল বা গেটের ব্যবস্থা নেই। গেরেজটির দুই দিকে ওয়াল ও সামনের সাইটে কেচিগেট লাগিয়ে গাড়ি রক্ষণাবেক্ষণ করতে হবে;
(৪) দ্বিতীয় তলায় সভাকক্ষের ওয়াশ রুমের পাইপ ব্লক হয়ে যাওয়ায় পানি ওভার ফ্লো হয়ে নীচের ওয়ালে পড়ে ওয়াল ড্যাম্প বা স্যাতসেতে হয়ে যাচ্ছে;
(৫) অফিস কক্ষের ওয়ালের বিভিন্ন জায়গায় ওয়াল ড্যাম্প বা স্যাতসেতে হয়ে প্লাস্টার ও রং খসে পড়ছে;
(৬) অফিস কক্ষের কয়েক জায়গা দিয়ে জানালার গ্লাস ভেঙ্গে গেছে । ফলে বৃষ্টির পানি ভিতরে প্রবেশ করে। এছাড়া জানালার উপরে সানসেট নেই, সানসেট লাগাতে হবে;
(৭) নিচ তলায় একটি ওয়ালে দীর্ঘ ফাটল ধরেছে।
(৮) অফিস ভবনের দ্বিতীয় তলায় কনফারেন্স রুমে ৪টি এসি লাগানো হয়েছে তন্মধ্যে ৩টি এসির বাহিরে অংশ যা ভবনের সামনের দিকে রয়েছে। ফলে দেখতে দৃষ্টিকুটু দেখাচ্ছে। অফিস ভবনের বাহির থেকে বাহ্যিক সৌন্দর্য্য অবলোকনের স্বার্থে এসি ৩টির ডিরেকশন পরিবর্তন করে ভবনের পিছন দিকে অর্থাৎ দক্ষিণ দিকে সেট করা প্রয়োজন।
(৯) বৈদ্যুতিক মটর ৩ ঘোড়া মেশিন দ্বারা পানি উত্তোলন করা অসম্ভব হয়ে পড়েছে। বেশি পাওয়ারের মটর সেট করা প্রয়োজন। এর জন্য অভিজ্ঞ প্রকৌশলী কর্তৃক পরীক্ষা করিয়ে টেকসই দীর্ঘস্থায়ী পানির মটর স্থাপন করা প্রয়োজন।
(১০) ভবনের ছাদে স্থাপিত সোলার প্যানেল থেকে বিদ্যুতের কোন সংযোগ পাওয়া যাচ্ছেনা। তাই সোলার প্যানেল থেকে ত্রুটিসমূহ সমন্বয় করতে হবে;

(১১) বৈদ্যুতিক জেনারেটরের সমস্যা দেখা দিয়েছে; লুজ কানেকশনের কারণে বিদ্যুৎ আপ-ডাউন করে, যার ফলে অফিসের ফ্যান লাইট ও কম্পিউটার চালানো অসুবিধার সম্মুখিন হচ্ছে।

(১২) উপমহাপরিদর্শক এর বাথরুমসহ অন্যান্য সকল বাথরুমের ফিটিংস, উপমহাপরিদর্শক এর কমোড, হ্যান্ডওয়াশার, টিস্যুস্ট্যান্ড, বাথরুম সংলগ্ন একটি ওয়াল হ্যাংগার লাগাতে হবে;

(১২) উপমহাপরিদর্শকের রুম ও কনফারেন্স রুমে এলইডি লাইট লাগাতে হবে।

১৪.৯। অডিট সংক্রান্ত তথ্য:

মন্ত্রণালয় থেকে প্রাপ্ত পিসিআর-এ জানা যায় প্রকল্পের ইন্টারনাল ও এক্সটারনাল অডিট এখন পর্যন্ত সম্পন্ন হয়নি। জরুরিভিত্তিতে প্রকল্পের অডিট সম্পন্ন করা প্রয়োজন।

১৫. সুপারিশ/দিকনির্দেশনা :

১৫.১ পর্যালোচনা অংশের অনুচ্ছেদ নম্বর ১৪.২ থেকে ১৪.৮ পর্যন্ত বর্ণিত ভৌত কাজের ত্রুটি বিচ্যুতিগুলো গণপূর্ত অধিদপ্তরের মাধ্যমে সমাধানকল্পে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে;

১৫.২ মন্ত্রণালয় থেকে প্রাপ্ত পিসিআর-এ জানা যায় প্রকল্পের ইন্টারনাল ও এক্সটারনাল অডিট এখন পর্যন্ত সম্পন্ন হয়নি। জরুরিভিত্তিতে প্রকল্পের সকল প্রকার অডিট সম্পন্ন করে তথ্য আইএমইডিতে প্রেরণ করতে হবে;

১৫.৩ উল্লিখিত অনুচ্ছেদ ১৫.১ থেকে ১৫.২ এ বর্ণিত সুপারিশ/দিকনির্দেশনার বিষয়ে মন্ত্রণালয় কর্তৃক গৃহীত পদক্ষেপ ০১ (এক) মাসের মধ্যে আইএমই বিভাগকে অবহিত করতে হবে।